

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
পাট অধিদপ্তর
www.dgjute.gov.bd
৯৯, মতিঝিল বা/এ, ঢাকা - ১০০০।

সর্বোচ্চ অগ্রাধিকার

স্মারক নম্বর: ২৪.০১.০০০০.০০৬.৮২.০৩১.১৫.৩০

তারিখ: ১৭ আষাঢ় ১৪২৫
০১ জুলাই ২০১৮

বিষয়: সাক্ষাতকার গ্রহণের মাধ্যমে পাটচাষীদের নিকট হতে তথ্যাদি সংগ্রহ প্রসঙ্গে।

সূত্র: ২৪.০০.০০০০.১০৯.০৪৯.১৭.১১৬, তারিখ : ৯ এপ্রিল, ২০১৮ খ্রিঃ।

বস্ত্র ও পাট মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটি'র ২৮তম বৈঠকের ১০ নং সিদ্ধান্তে 'পাট চাষীদের প্রত্যাশা কি, কি ধরনের সেবা পেলে চাষিরা আরও বেশী উপকৃত হবে, পাট চাষ কিভাবে আরও বেশী লাভজনক করা যায়, কৃষকের বিনিয়োগ কত এবং রিটার্ণ কত পাচ্ছে, কি কি ব্যবস্থা গ্রহণ করলে পাট চাষির রিটার্ণ আরও বেশী হবে'-এসব বিষয়ে পাট চাষীদের অবস্থানগত দিক ইত্যাদি বিষয়ে একটি স্টাডি রিপোর্ট পরবর্তী সভায় উপস্থাপনের নিমিত্ত পাট অধিদপ্তরকে নির্দেশনা প্রদান করা হয়েছে। কাজেই মাঠ পর্যায়ের পাট চাষীদের নিকট হতে পাট ও পাট চাষির সার্বিক অবস্থা সম্পর্কিত তথ্যাদি সংগ্রহ করা জরুরি প্রয়োজন।

০২। বর্ণিতাবস্থায়, তাঁর অধীনস্থ প্রত্যেক জেলায় দৈবচয়নের মাধ্যমে বর্ণিত বিষয়গুলো সম্পর্কে ২০ (বিশ) জন করে পাট চাষির সাক্ষাতকার গ্রহণের মাধ্যমে সংযুক্ত ছক/প্রশ্নপত্রে উল্লেখিত প্রশ্নের জবাব সম্বলিত তথ্যাদি সংগ্রহ করে অগ্রাধিকার ভিত্তিতে বিনা ব্যর্থতায় আগামী ১৫ জুলাই, ২০১৮ খ্রিঃ তারিখের মধ্যে সংশ্লিষ্ট আঞ্চলিক সহকারী পরিচালকের মাধ্যমে প্রেরণের জন্য নির্দেশ প্রদান করা হলো।

বিষয়টি অতীব জরুরি।

সংযুক্ত : সাক্ষাতকার গ্রহণের প্রশ্নপত্র ০১(এক) প্রস্থ।



১-৭-২০১৮

মোঃ শামছুল আলম
মহাপরিচালক

মুখ্য পরিদর্শক, পাট অধিদপ্তর (সকল)

.....

স্মারক নম্বর: ২৪.০১.০০০০.০০৬.৮২.০৩১.১৫.৩০/১(৪)

তারিখ: ১৭ আষাঢ় ১৪২৫
০১ জুলাই ২০১৮

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলঃ

- ১) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২) মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩) সচিব মহোদয়ের একান্ত সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪) সহকারী পরিচালক, পাট অধিদপ্তর (সকল),



১-৭-২০১৮

মোঃ জর্জিসুর রহমান
উপপরিচালক (পরিদর্শন)